

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স -৯৭৮(আগরতলা, ১৩।৬)

উদয়পুর, ১৩ জুন ২০১৮

**উদয়পুর মহকুমায় ৫৮০ জনকে কনি জাল**

উদয়পুর মহকুমায় মৎস্য চাষের সাথে যুক্ত তপশিলী জাতিভুক্ত ৫৮০টি মৎস্যজীবী পরিবারকে মৎস্য দপ্তর থেকে এস পি প্রকল্পে মাছ ধরার জন্য কনি জাল দেওয়া হবে। এরমধ্যে মাতাবাড়ি ব্লকে ২২০ জনকে, টেপানীয়া ব্লকে ১৫০ জনকে এবং কাকড়াবন ব্লকে ২১০ জনকে কনি জাল দেওয়া হবে। এই প্রকল্পে ব্যয় হবে ৫৮ হাজার টাকা। অপরদিকে মৎস্য চাষের সাথে যুক্ত ৭১টি মৎস্যজীবী দলকে বড় বেড় জাল দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। এতে মাতাবাড়ি ব্লকে ২৫টি দলকে, কাকড়াবন ব্লকে ২৫টি দলকে এবং টেপানীয়া ব্লকে ২১টি দলকে বড় বেড় জাল দেওয়া হবে। এই প্রকল্পে মোট খরচ হবে ৬ লক্ষ ২৮ হাজার ৩৫০ টাকা। করবুক ও অমরপুর মহকুমায়ও ২২টি মৎস্যজীবী দলকে বড় বেড় জাল দেওয়া হবে। এতে মোট খরচ হবে ১ লক্ষ ৯৪ হাজার ৭০০ টাকা। মৎস্য দপ্তর থেকে এ তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*